

125th Street Subway Tunnel প্রস্তাবিত প্রকল্প

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্রস্তাবিত প্রকল্পের তথ্য

125th Street Subway Tunnel প্রস্তাবিত প্রকল্পটি কী?

Metropolitan Transportation Authority (MTA) Harlem-এর 125th Street-এর নিচে একটি নতুন পূর্ব-পশ্চিমমুখী সাবওয়ে টানেল নির্মাণের প্রস্তাব করেছে (125th Street Subway Tunnel বা প্রস্তাবিত প্রকল্প)। সাবওয়ে টানেলটি পরিকল্পিত Second Avenue Subway Phase 2 টানেলের পশ্চিম প্রান্ত, অর্থাৎ আনুমানিক Lenox Avenue / Malcolm X Boulevard থেকে Twelfth Avenue পর্যন্ত বিস্তৃত হবে।

প্রস্তাবিত প্রকল্পের মধ্যে একটি নতুন টানেল, টানেলে যাতায়াতের জন্য অ্যাক্সেস শ্যাফ্ট এবং বায়ু চলাচলের সরঞ্জাম থাকবে। প্রস্তাবিত 125th Street Subway Tunnel প্রকল্পের অংশ হিসেবে ট্রেন পরিচালনা বা যাত্রী পরিষেবার জন্য প্রয়োজনীয় অন্য কোনো পরিকাঠামো বা উপাদান, যেমন ট্র্যাক, স্টেশনসমূহ, বিদ্যুৎ এবং অন্যান্য উপাদান অন্তর্ভুক্ত থাকবে না।

যদিও টানেলটি নিজে সাবওয়ে পরিষেবা প্রদান করবে না – স্টেশনসমূহ এবং অন্যান্য পরিকাঠামো পরবর্তী সময়ে নির্মাণ করা হবে – তবুও টানেল নির্মাণ ত্বরান্বিত করা হলে তা করদাতাদের শত শত মিলিয়ন ডলার সাশ্রয় করতে পারে এবং টানেলটি আলাদাভাবে নির্মাণ করা হলে যতটা সময় লাগত, তার তুলনায় 125th Street Subway কয়েক বছর আগেই সম্পূর্ণ করা সম্ভব হবে।

125th Street Subway Tunnel-এ প্রস্তাবিত প্রকল্পের কোন কোন উপাদান অন্তর্ভুক্ত রয়েছে?

প্রস্তাবিত 125th Street Tunnel Project-এর অন্তর্ভুক্ত থাকবে:

- 125th Street-এর নিচে দুটি আলাদা, সমান্তরাল টিউব থাকবে, ভবিষ্যতের প্রতিটি ট্র্যাকের জন্য একটি করে
- টানেলের পূর্ব ও পশ্চিম উভয় প্রান্তে প্রয়োজনীয় বায়ু চলাচল ও যাতায়াতের জন্য মাটির উপরে স্থায়ী আনুষঙ্গিক কাঠামোসহ ভেন্টিলেশন শ্যাফ্ট। এই শ্যাফ্ট এবং মাটির উপরে থাকা কাঠামোগুলোর নির্দিষ্ট লোকেশন ও আকার বর্তমানে নির্ধারণ করা হচ্ছে।
- টানেলের নির্ধারিত পথ বরাবর দুটি মধ্যবর্তী পয়েন্টে জরুরি প্রবেশের জন্য মাটির উপরে স্থায়ী কিয়স্ক-ধরনের কাঠামোসহ ছোট শ্যাফ্ট। এই শ্যাফ্ট এবং মাটির উপরে থাকা কাঠামোগুলির নির্দিষ্ট লোকেশন ও আকারও বর্তমানে নির্ধারণ করা হচ্ছে।

125th Street Subway Tunnel প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য কী?

প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য হল Harlem জুড়ে পূর্ব-পশ্চিম দিকে উন্নততর ট্রানজিট পরিষেবা দেওয়ার সুযোগ তৈরি করা। এর ফলে ভবিষ্যতে সাবওয়ে পরিষেবা চালু করার সম্ভাবনা তৈরি হবে, যা শেষ পর্যন্ত বাসিন্দা, কর্মী এবং দর্শনার্থীদের শহরের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যাতায়াত আরও সহজ করবে এবং উত্তর-দক্ষিণমুখী বিদ্যমান ট্রানজিট পরিষেবাগুলির সঙ্গে সংযোগ প্রদান করবে। প্রস্তাবিত প্রকল্পটি নতুন টানেল নির্মাণের সরঞ্জাম সংগ্রহ করার প্রয়োজন ছাড়াই, Second Avenue Subway Phase 2-এর জন্য ইতিমধ্যেই ব্যবহৃত টানেল নির্মাণের সরঞ্জাম ব্যবহার করে 125th Street জুড়ে একটি টানেল নির্মাণের মাধ্যমে এই উদ্দেশ্য পূরণ করবে এই টানেলটি ভবিষ্যতে সাবওয়ে পরিষেবার জন্য প্রস্তুত করা যেতে পারে। Second Avenue Subway Phase 2 সম্পন্ন হওয়ার পরপরই টানেলটি নির্মাণ করলে পরবর্তীতে একই টানেল নির্মাণের তুলনায় টানেল নির্মাণের খরচ কমবে এবং সময়ও বাঁচবে।

125th Street Subway Tunnel-এর সামগ্রিক লক্ষ্যগুলি হল:

- Second Avenue Subway Phase 2-এর জন্য ইতিমধ্যেই ব্যবহৃত টানেল বোরিং মেশিনগুলোকে কাজে লাগানো।
- প্রস্তাবিত প্রকল্পের সাথে সম্পর্কিত পরিবেশগত ও সামাজিক প্রভাব যতটা সম্ভব হ্রাস করা।
- প্রস্তাবিত প্রকল্পের নির্মাণকাজ এমনভাবে পরিচালনা করা, যাতে Second Avenue Subway Phase 2-এর ওপর যতটা সম্ভব প্রভাব এড়ানো বা হ্রাস করা যায়।

MTA কীভাবে এই প্রস্তাবিত প্রকল্পটি এগিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে?

2023 সালে, MTA 2025–2044 সময়কালের জন্য তার 86_Year.Needs.Assessment প্রস্তুত করে, যেখানে সম্ভাব্য সিস্টেম সম্প্রসারণ প্রকল্পসহ সমগ্র ট্রানজিট নেটওয়ার্কের বিভিন্ন প্রয়োজন মূল্যায়ন করেছিল। সেই মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে, 125th Street বরাবর সাবওয়ে পরিষেবার সম্প্রসারণ বিবেচিত অন্যান্য অধিকাংশ সম্প্রসারণ প্রকল্পের তুলনায় উচ্চতর স্কোর পেয়েছে। এই ফলাফলগুলির ভিত্তিতে, MTA 125th Street Subway-কে আরও বিশদভাবে মূল্যায়ন করার জন্য 2025 সালে একটি সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করেছিল। সমীক্ষায় খুঁজে পাওয়া হয়েছে যে, সম্পূর্ণ সাবওয়ে প্রকল্পের জন্য Broadway, St. Nicholas Avenue এবং Lenox Avenue-তে টানেল ও তিনটি সম্ভাব্য স্টেশন নির্মাণ করা সম্ভব।

সম্পূর্ণ সাবওয়ে প্রকল্পের ডিজাইন তৈরি এবং পরিবেশগত পর্যালোচনার সম্ভাব্য দীর্ঘ প্রক্রিয়াটি Second Avenue Subway Phase 2-এর নির্মাণকাজের সময়সীমার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে না, এবং MTA এই সময়ে শুধু টানেল নির্মাণের একটি প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার মাধ্যমে খরচ সাশ্রয়ের একটি সুযোগ চিহ্নিত করেছে, যাতে Second Avenue Subway Phase 2-এর জন্য ইতিমধ্যেই উপস্থিত থাকা টানেল নির্মাণের সরঞ্জাম কাজে লাগানো যাবে এবং ভবিষ্যতে 125th Street Subway

পরিষেবা চালু করার বিকল্প বজায় থাকবে। দুটি প্রকল্পের সমন্বয় সাধনের মাধ্যমে MTA নতুন করে কাজ শুরু করার পরিবর্তে বিদ্যমান টানেল বোরিং মেশিন এবং অন্যান্য সরঞ্জাম পুনরায় ব্যবহার করার সুযোগ পাবে, যা শত শত মিলিয়ন ডলার এবং 2 বছরেরও বেশি সময় সাশ্রয় করতে পারে। এই সমন্বিত পদ্ধতি অভিজ্ঞ কর্মীদের ধরে রেখে এবং ইতিমধ্যেই থাকা সম্পদসমূহ কাজে লাগানোর মাধ্যমে মোবাইলাইজেশন সংক্রান্ত খরচও হ্রাস করবে।

প্রস্তাবিত প্রকল্পের বর্তমান অবস্থা কী?

MTA বর্তমানে ধারণাগত ইঞ্জিনিয়ারিং কাজ চূড়ান্ত করেছে, যার পর প্রস্তাবিত প্রকল্পের ডিজাইনকে পরিমার্জিত করতে প্রাথমিক ইঞ্জিনিয়ারিং সম্পন্ন করা হবে।

নির্মাণকাজ

প্রস্তাবিত প্রকল্পের নির্মাণকাজ কখন শুরু হবে?

Second Avenue Subway Phase 2-এর টানেল বোরিং মেশিনগুলো Malcom X Boulevard এবং Adam Clayton Powell Boulevard-এর কাছে Second Avenue Subway Phase 2 টানেলের শেষ প্রান্তে পৌঁছানোর আগেই নির্মাণকাজ শুরু হবে। নির্মাণকাজের সঠিক নির্ধারিত সময় বর্তমানে প্রস্তুত করা হচ্ছে।

প্রস্তাবিত প্রকল্পটি কীভাবে নির্মাণ করা হবে?

SAS Phase 2-এর টানেল নির্মাণের কাজ সম্পন্ন হলে, Second Avenue Subway Phase 2 প্রকল্প থেকে পুনরায় ব্যবহার করা টানেল বোরিং মেশিন ব্যবহার করে দুটি নতুন টানেল টিউব নির্মাণ করা হবে। Second Avenue Subway Phase 2 যেখানে শেষ হবে, সেই Malcolm X Boulevard-এ টানেল নির্মাণের কাজ শুরু হবে এবং এরপর 125th Street-এর নিচ দিয়ে পশ্চিম দিকে Henry Hudson Parkway (New York State Route 9A)-এর অভিমুখে অগ্রসর হয়ে, তারপর উত্তর দিকে ঘুরে আনুমানিক 131st Street এবং 138th Street-এর মাঝামাঝি স্থানে গিয়ে শেষ হবে

টানেলের উভয় প্রান্তে নির্মাণকাজের জন্য স্টেজিং / শ্যাফ্ট সাইট স্থাপন করা হবে:

- টানেলের পূর্ব প্রান্তে, কর্মীদের যাতায়াত, সরঞ্জাম সরবরাহ ও সংরক্ষণ এবং খননকৃত পাথর ও মাটি অপসারণের জন্য নির্মাণকাজের একটি স্টেজিং / শ্যাফ্ট সাইট ব্যবহার করা হবে। সাইটটিতে নির্মাণকাজ চলাকালীন যাতায়াত এবং স্থায়ী বায়ু চলাচলের জন্য একটি শ্যাফ্ট থাকবে। এই সাইটে থাকা একটি স্লারি ট্রিটমেন্ট প্ল্যান্ট টানেল নির্মাণের সময় অপসারিত খননকৃত উপকরণ (মাটি ও পাথর) প্রক্রিয়াজাত করবে এবং টানেল নির্মাণের কাজে পুনরায় ব্যবহারের জন্য কিছু জল পুনঃসঞ্চালিত করবে। এই সাইটে একটি স্থায়ী শ্যাফ্ট এবং যাতায়াত/বায়ু চলাচলের

সুবিধা নির্মাণ করা হবে, যা নির্মাণকাজ সম্পন্ন হওয়ার পরও সেখানে থাকবে। স্থায়ী শ্যাফ্ট এবং ভূ-উপরিস্থ থাকা কাঠামোটির নির্দিষ্ট লোকেশন ও আকার বর্তমানে নির্ধারণ করা হচ্ছে।

- টানেলের পশ্চিম প্রান্তে, ভূগর্ভ থেকে টানেল বোরিং মেশিনগুলো বের করে আনার জন্য নির্মাণকাজের একটি স্টেজিং / শ্যাফ্ট সাইট ব্যবহার করা হবে। এই সাইটে একটি স্থায়ী শ্যাফ্ট এবং যাতায়াত/বায়ু চলাচলের সুবিধা নির্মাণ করা হবে, যা নির্মাণকাজ সম্পন্ন হওয়ার পরও সেখানে থাকবে। স্থায়ী শ্যাফ্ট এবং ভূ-উপরিস্থ থাকা কাঠামোটির নির্দিষ্ট লোকেশন ও আকার বর্তমানে নির্ধারণ করা হচ্ছে।

এছাড়াও, টানেলের নির্ধারিত পথ বরাবর দুটি মধ্যবর্তী পয়েন্টে টানেলে স্থায়ী যাতায়াতের জন্য দুটি উল্লম্ব শ্যাফ্ট নির্মাণ করা হবে। প্রতিটির জন্য রাস্তার লেভেলে একটি ছোট, কিস্ক-আকারের কাঠামো থাকবে, যা শ্যাফ্ট থেকে বেরিয়ে আসার পথ হিসেবে কাজ করবে। শ্যাফ্ট এবং ভূ-উপরিস্থ কাঠামোগুলোর নির্দিষ্ট লোকেশন ও আকার বর্তমানে নির্ধারণ করা হচ্ছে।

সবশেষে, টানেল বোরিং মেশিনগুলো যে মাটির মধ্য দিয়ে টানেল খনন করবে, সেগুলোর কিছু অংশে “গ্রাউন্ড ইমপ্রুভমেন্ট” করাও নির্মাণকাজের জন্য প্রয়োজন হবে। এই উন্নতিসাধনের মাধ্যমে টানেলগুলো যাতে নিরাপদে নির্মাণ করা যায় তা নিশ্চিত করে এবং সাধারণত ভূ-পৃষ্ঠের স্তর থেকে উপকরণ প্রবেশ করিয়ে মাটিকে স্থিতিশীল করে সম্পন্ন করা হয়। এই উন্নতিসাধন করার নির্দিষ্ট পদ্ধতি এবং যেসব লোকেশনে উন্নতিসাধন করা হবে, সেগুলি বর্তমানে নির্ধারণ করা হচ্ছে।

পরিবেশগত পর্যালোচনা এবং জনসাধারণের অংশগ্রহণ

পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া কী এবং স্কোপিং কী?

MTA প্রস্তাবিত প্রকল্পের জন্য New York State Environmental Quality Review Act (SEQRA) অনুযায়ী একটি পরিবেশগত প্রভাব বিবরণী (Environmental Impact Statement, EIS) তৈরি করবে। SEQRA হলো নিউ ইয়র্ক স্টেট (New York State)-এর একটি আইন, যার অধীনে MTA-কে কোনো প্রকল্প অনুমোদন, অর্থায়ন বা নির্মাণের আগে সেই প্রকল্পের পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক প্রভাবগুলো পর্যালোচনা করতে হয়।

EIS-এ অন্তর্ভুক্ত করার মতো বিষয়বস্তু এবং বিষয়গুলো নির্ধারণ করার জন্য MTA বর্তমানে এজেন্সি এবং পাবলিক স্কোপিং পরিচালনা করছে। স্কোপিংয়ের মূল লক্ষ্য হলো EIS-কে সম্ভাব্য গুরুত্বপূর্ণ প্রতিকূল প্রভাবগুলোর ওপর ফোকাস করা এবং যেসব প্রভাব অপ্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ নয়, সেগুলোকে বিবেচনা থেকে বাদ দেওয়া।

Draft Scoping Document-এর ওপর জনসাধারণ এবং এজেন্সির কাছ থেকে পাওয়া মতামত পর্যালোচনা করার পর, MTA প্রাপ্ত মন্তব্যগুলোর যথোপযুক্ত প্রতিফলন ঘটিয়ে একটি Final Scoping

Document প্রস্তুত করবে এবং সেই Final Scoping Document অনুযায়ী একটি Draft Environmental Impact Statement (DEIS) সম্পন্ন করবে।

পরবর্তী পদক্ষেপগুলো কী এবং জনসাধারণ কখন অংশগ্রহণ করতে পারবে?

MTA আগামী মাসগুলোতে জনসম্পর্ক কার্যক্রম এবং পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়া চালিয়ে যাবে।

2026 সালের অক্টোবর মাসে MTA Draft Scoping Document প্রকাশ করবে এবং সশরীরে ও ভার্চুয়ালি উভয় মাধ্যমেই পাবলিক স্কোপিং তথ্য সেশন (Public Scoping Information Sessions) আয়োজন করবে। 2026 সালের 7 অক্টোবর থেকে 13 নভেম্বর পর্যন্ত জনসাধারণের মন্তব্য জানানোর সময়কালে পরিবেশগত পর্যালোচনার পরিধি সম্পর্কে মতামত জানানোর সুযোগ থাকবে।

জনসাধারণের অংশগ্রহণের জন্য তিনটি পাবলিক স্কোপিং সেশন অনুষ্ঠিত হবে। মিটিংগুলোতে কীভাবে নিবন্ধন করবেন এবং Draft Scoping Document-এ কীভাবে মতামত প্রদান করবেন, সে সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে প্রকল্পের ওয়েবসাইট <http://mta.info/project/125-street-subway> ভিজিট করুন।

Zoom-এর মাধ্যমে ভার্চুয়াল সেশন – বৃহস্পতিবার, 22 অক্টোবর, 2026

সময়: দুপুর 12 টা থেকে দুপুর 2 টো

Zoom +1 646 828 7666

ওয়েবিনার ID: 165 350 9093

সময়: সন্ধ্যা 6 টা থেকে 8 টা

Zoom +1 646 828 7666

ওয়েবিনার ID: 165 740 5876

সশরীরে সেশন – মঙ্গলবার, 27 অক্টোবর, 2026

Adam Clayton Powell Jr.

স্টেট অফিস বিল্ডিং*

163 W. 125th Street

কমিউনিটি রুম, দ্বিতীয় তলা

New York, NY

সময়: সন্ধ্যা ৬ টা থেকে ৮ টা

স্কেপিং প্রক্রিয়ার পর, MTA ২০২৭ সালের শুরুর দিকে খসড়া EIS প্রকাশ করবে বলে আশা করছে। ২০২৭ সালের শুরুর দিকে শুরু হতে যাওয়া জনসাধারণের মন্তব্য জানানোর সময়কালে জনসাধারণ খসড়া EIS-এর ওপর মতামত জানানোর সুযোগ পাবে।

অতীত ও ভবিষ্যতের মিটিংগুলো সম্পর্কে আরও তথ্য কোথায় পাওয়া যাবে?

প্রকল্পের ওয়েবসাইটে আরও তথ্য খুঁজে পাওয়া যাবে: <http://mta.info/project/125-street-subway>.